

প্রথম আলো

তারিখ 28 DEC 2003  
পৃষ্ঠা ১৩



চাকরি জাতীয়করণের দাবিতে রাজধানীর মুক্তমনের সামনে গতকাল বেসরকারি প্রাথমিক শিক্ষকদের বিক্ষোভ সমাবেশে অংশগ্রহণ করা কাকনের কাশড় পরে যোগ দেন—প্রথম আলো

## বেসরকারি প্রাথমিক শিক্ষকদের আমরণ অনশন শুরু আত্মাহুতি কর্মসূচি স্থগিত

নিজস্ব প্রতিবেদক

চাকরি জাতীয়করণের দাবিতে বেসরকারি প্রাথমিক শিক্ষকরা কেন্দ্রীয় শহীদমিনারের অবস্থান ধর্মঘটের পর গতকাল মঙ্গলবার বিকেল থেকে আমরণ অনশন শুরু করেছেন। তারা মুক্তমনে গিয়ে সমাবেশ শেষে আবারও শহীদমিনারের সামনে অবস্থান নেন। তবে একটি গোয়েন্দা সংস্থার অনুরোধে তারা গতকাল প্রধানমন্ত্রীর কার্যালয় বেড়াও এবং

আত্মাহুতি কর্মসূচি স্থগিত করেন বলে জানান।

জানা যায়, আজ সরকারের পক্ষ থেকে বেসরকারি প্রাথমিক শিক্ষকদের জন্য কিছু সুবিধা ঘোষণা করা হতে পারে। গতকাল দুপুর ১টার মধ্যে সরকারের পক্ষ থেকে ইতিবাচক সিদ্ধান্ত জানানোর কথা ছিল। বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি মোঃ আত্মাহুতী শেখ একটি গোয়েন্দা সংস্থার পক্ষ থেকে যোগাযোগ এবং আজ বুধবারের মধ্যে এরপর পৃষ্ঠা ২ কলাম ৪

### শিক্ষকদের আমরণ অনশন

প্রথম পৃষ্ঠার পর

সরকারের সিদ্ধান্ত জানানোর আশ্বাসের কথা স্বীকার করেন। প্রথম আলোকে তিনি বলেন, মৌখিক কোনো আশ্বাসে শিক্ষকরা ঘরে ফিরে যাবেন না।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা যায়, দেশে বেসরকারি প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা ১৯ হাজার ৪২০টি। এসব প্রতিষ্ঠানে কর্মরত আছেন ৭৮ হাজার ৭৭৫ শিক্ষক। এসব শিক্ষককে জাতীয়করণ করতে হলে প্রায় ৩৩৬ কোটি টাকা প্রয়োজন।

চাকরি জাতীয়করণের দাবিতে আত্মাহুতি দিতে প্রস্তুত এমন ২০ শিক্ষকের নামের তালিকা প্রকাশ করেছে বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতি। আজ বেলা ১১টার মধ্যে সরকারের বক্তব্য না পেলে শিক্ষকরা প্রধানমন্ত্রীর কার্যালয় অভিমুখে রওনা হবেন।

গতকাল শহীদমিনারে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন শিক্ষক নেতা আমিনুল ইসলাম চৌধুরী, আবুবক্কর সিদ্দিক, মহিউদ্দিন কন্দকার, আবদুল সাত্তার, এমদাদুল হক বাবলু, জ্যোতিষ মওল, মনিমুল ইসলাম, হোসেনয়ারা চৌধুরী, রুबी নাগ, জেবুন্নাহার গিল্লী, রাস্কীব পোচন সরকার, নূর মোহাম্মদ প্যাটোয়ারী, নূরুল দাস, শহীদুল ইসলাম প্রমুখ।